

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
Website: www.dgfood.gov.bd

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৬.৩৬০৮(৭)

তারিখঃ ০৩/১২/২০১৭ খ্রি:।

বিষয়ঃ আমন সংগ্রহ ২০১৭-২০১৮ মৌসুমে অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য সিদ্ধ চালের বিভাগ, জেলা ও উপজেলা-ওয়ারী লক্ষ্যমাত্রা বিভাজন।

সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৬.০১৩.২০১৭-৫৬, তারিখ: ৩০/১১/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৭-২০১৮ এর আওতায় সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

- (ক) ২০১৭-১৮ সালের আমন মৌসুমে ৩,০০,০০০০ (তিন লাখ) মেট্রিক টন সিদ্ধ চাল সংগ্রহ করা হবে;
- (খ) চালের সংগ্রহ মূল্য প্রতি কেজি সিদ্ধ চাল ৩৯.০০ (উনচল্লিশ) টাকা;
- (গ) চাল সংগ্রহের সময়সীমা ০৩ ডিসেম্বর, ২০১৭ খ্রি: তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রি: পর্যন্ত;
- (ঘ) আমন সংগ্রহ ২০১৭-২০১৮ এর আওতায় সিদ্ধ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সময়সীমা ১০/১২/২০১৭ খ্রি: তারিখ পর্যন্ত ;
- (ঙ) মিলারদের প্রদেয় বস্তার জামানত মূল্য ৩০ কেজি ধারণক্ষম বস্তার প্রতিটির জন্য ৬০.০০ (ষাট) টাকা;
- (চ) গত বোরো-২০১৭ মৌসুমে চাল সরবরাহকারী মিলারদের তাদের সরবরাহকৃত চালের আনুপাতিক হারে চালের বিভাজন/বরাদ্দ প্রদান করা;
- (ছ) লক্ষ্যমাত্রা অচুক্তিকৃত অবস্থায় থাকা সাপেক্ষে নতুন লাইসেন্সপ্রাপ্ত (০২/০৫/১৭ তারিখের পরে) আগ্রহী মিলারদের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অনুযায়ী বিভাজন/বরাদ্দ প্রদান করা ;
- (জ) কোন মিলার চুক্তিকৃত চাল কোন কারণে ১৫ দিনের মধ্যে সরবরাহ দিতে ব্যর্থ হলে পরিস্থিতি বিবেচনা করে তাকে তার আবেদন অনুযায়ী অতিরিক্ত সর্বোচ্চ ৩০ দিন সময় প্রদান করা। এ অতিরিক্ত সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে উক্ত মিলার চাল প্রদানে ব্যর্থ হলে তার বরাদ্দ বাতিল করে তার অসরবরাহকৃত সম্পূর্ণ বা আংশিক চাল অন্য সক্ষম মিলারের অনুকূলে বরাদ্দ প্রদান করা;
- (ঝ) অটোমেটিক রাইস মিলের অনুকূলে দৈনিক ১৬ ঘন্টা ছাঁটাই ক্ষমতার ভিত্তিতে পাক্ষিক ছাঁটাই ক্ষমতা বিবেচনা করা;
- (ঞ) সরবরাহকৃত চালের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট মিলারের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা;
- (ট) সংগ্রহ নীতিমালার অনুচ্ছেদ ১৭(খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটি সংগ্রহ করা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করবে। এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক পাওয়া না গেলে কমিটিকে এর জন্য দায়ী করা;
- (ঠ) আমন সংগ্রহের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রার পুরো চাল সংগ্রহ নিশ্চিত করা;
- (ড) এ ছাড়াও অভ্যন্তরীণভাবে আমন সংগ্রহ কার্যক্রম চলমান অবস্থায় সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসরণ করা; এবং
- (ঢ) উপরে বর্ণিত নির্দেশাবলী অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১০ এর যে কোন অনুচ্ছেদের সাথে সাংঘর্ষিক হলে এই নির্দেশাবলী বহাল থাকবে।

উপর্যুক্ত নির্দেশাবলীর অনুসরণে কার্যক্রম গ্রহণ করে প্রতিমাসের শেষ সপ্তাহে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবেন। প্রতিবেদনে তার নজরে আসা অধিক্ষেত্রের সংগ্রহ সংক্রান্ত অনিয়ম ও গৃহীত কার্যক্রমের বিবরণ থাকবে।


এক্ষণে সূত্রে বর্ণিত স্মারকে অনুমোদনকৃত ৩.০০ লাখ মে:টন সিদ্ধ চালের উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তার অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলাসমূহে জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা-২০১০ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের সিদ্ধ চাল সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে ফর্দ।


প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল


মোঃ আবদুল আজিজ মোল্লা
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
তারিখঃ ০৩/১২/২০১৭ খ্রি:।

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৬.৩৬০৮/৭(১৮)

অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৫। সকল পরিচালক.....খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। (অনুলিপি: ১৬ জন)


পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।